

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৪. ১৫. ৭. নারী-পুরুষ-শিশু নির্বিশেষে সকল 'মানুষ' হত্যা

উপরে আমরা দেখলাম যে, কোনো মেয়ে যদি কুমারী হন তবে তিনি বেঁচে থাকার সুযোগ পাবেন। তবে অন্যান্য স্থানে কুমারী-অকুমারী সকল নারী, শিশু ও সকল মানুষকে হত্যার নির্দেশ দিয়েছেন ঈশ্বর। ইতোপূর্বে ঐশ্বরিক হত্যা ও মন কঠিন করে হত্যা প্রসঙ্গে রাজা সীহোনের দেশের নারী, পুরষ ও শিশুসহ সকল মানুষকে নির্বিচারে হত্যা করার বিবরণ আমরা দেখেছি। এরূপ গণহত্যার একটা নির্দেশ নিম্নরূপ:

"পরে তারা ফিরে বাশনের পথ দিয়ে উঠে গেল। তাতে বাশনের বাদশাহ্ উজ্ (Og, কেরি: ওগ) ও তার সমস্ত লোক (কেরি: প্রজা) বের হয়ে তাদের সঙ্গে ইদ্রিয়ীতে যুদ্ধ করতে গেল। তখন মাবুদ মূসাকে বললেন, তুমি এতে ভয় পেয়ো না, কেননা আমি একে, এর সমস্ত লোক ও এর দেশ তোমার হাতে তুলে দিলাম। তুমি হিম্বোন-বাসী আমোরীয়দের বাদশাহ সীহোনের প্রতি যেমন করেছ, এর প্রতি সেরকম করবে। পরে তারা তাকে, তার পুত্রদের ও তার সমস্ত লোককে আঘাত করলো, আর শেষ পর্যন্ত তাঁর আর কেউ বেঁচে রইল না। তারা তার দেশও অধিকার করে নিল। (গণনাপুস্তক/ শুমারী ২১/৩৩-৩৫, কেরি ও কিতাবুল মোকাদ্দস-১৩)

সকল লোক বা নাগরিককে হত্যা করা অমানবিক কর্ম। সম্ভবত এজন্যই পবিত্র বাইবেল-২০০০ ও কিতাবুল মোকাদ্দস-২০০৬ 'all his people: তার সকল লোক/ প্রজা' কথাটার অনুবাদে 'সকল সৈন্য-সামন্ত' লেখেছে: "তখন তারা উজকে এবং তাঁর ছেলেদের ও তাঁর সমস্ত সৈন্য-সামন্তদের হত্যা করল।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=14566

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন